

# বি এস এন এল এমপ্লয়িজ ইউনিয়ন

পশ্চিমবঙ্গ শাখা

২৪৯ডি বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, কলকাতা - ৭০০ ০১২

ফ্রিকোয়েন্স

অবশেষে বি এস এন এল এ নন-একজিকিউটিভ কর্মচারীদের জন্য নতুন বেতন চুক্তি সম্পাদিত হলো। কর্মচারীদের অবগতির জন্য মূল বিষয়গুলি

সংক্ষিপ্ত আকারে জানানো হচ্ছে।

ক্রমিক সংখ্যা	গ্রেড	বর্তমান বেতন স্কেল	নতুন বেতন স্কেল
০১.	এন ই - ১	৪০০০ - ১২০ - ৫৮০০	৭৭৬০ - ১৩৩২০
০২.	এন ই - ২	৪০৬০ - ১২৫ - ৫৯৩৫	৭৮৪০ - ১৪৭০০
০৩.	এন ই - ৩	৪১০০ - ১২৫ - ৫৯৭৫	৭৯০০ - ১৪৮৮০
০৪.	এন ই - ৪	৪২৫০ - ১৩০ - ৬২০০	৮১৫০ - ১৫৩৪০
০৫.	এন ই - ৫	৪৫৫০ - ১৪০ - ৬৬৫০	৮৭০০ - ১৬৮৪০
০৬.	এন ই - ৬	৪৭২০ - ১৫০ - ৬৯৭০	৯০২০ - ১৭৪৩০
০৭.	এন ই - ৭	৫৭০০ - ১৬০ - ৮১০০	১০৯০০ - ২০৪০০
০৮.	এন ই - ৮	৬৫৫০ - ১৮৫ - ৯৩২৫	১২৫২০ - ২৩৪৪০
০৯.	এন ই - ৯	৭১০০ - ২০০ - ১০১০০	১৩৬০০ - ২৫৪২০
১০.	এন ই - ১০	৭৮০০ - ২২৫ - ১১১৭৫	১৪৯০০ - ২৭৮৫০
১১.	এন ই - ১১	৮৫৭০ - ২৪৫ - ১২২৪৫	১৬৩৭০ - ৩০৬৩০

নন-একজিকিউটিভ কর্মীদের প্রমোশন পলিসিতে বর্ণিত ৯২০০ - ২৫০ - ১৩২০০ এবং ৯৮৫০ - ২৫০ - ১৪৬০০ দুটি স্কেল ডি ও টি অনুমোদনের পরে বিজ্ঞাপিত হবে।

\*\*০১-০১-২০০৭ তারিখে নন-একজিকিউটিভ কর্মচারী নিজ বেতন স্কেলে যেখানে আছেন প্রস্তাবিত নতুন বেতন স্কেলে নিম্নলিখিত পদ্ধতিতে তাঁর নতুন বেতনক্রম নির্ধারিত হবে। \*\*০১-০১-২০০৭ তারিখে বর্তমান বেতন স্কেলে বেসিকের সঙ্গে ৬৮.৮ শতাংশ আই ডি এ যোগ হবে এবং এই যোগফলের সঙ্গে ৩০ শতাংশ ফিটমেন্ট বেনিফিট দেওয়া হবে। মোট অঙ্কের পরিমাণ ১০ শতাংশের গুণিতকে হবে। \*\*০১-০১-২০০৭ তারিখে বা তারপরে বি এস এন এল এ নিযুক্ত কর্মচারীদের বেতন সংশ্লিষ্ট স্কেলের ন্যূনতম স্কেলে স্থির করা হবে। \*\*বার্ষিক ইনক্রিমেন্ট হার হবে সংশোধিত বেসিকের ৩ শতাংশ হারে। স্ট্যাগনেশন ইনক্রিমেন্ট ৩ শতাংশ করে হবে এবং কর্মচারীরা ২ বছর পর পর সর্বোচ্চ ৩ টি স্ট্যাগনেশন ইনক্রিমেন্ট পাবেন। \*\*নন-একজিকিউটিভ কর্মচারীদের জন্য বাড়ী ভাড়া ভাতা দেওয়া হবে ২৭-০২-২০০৯ থেকে নিম্নলিখিত হারে।

শহর ও জনসংখ্যা	হাউস রেন্ট অ্যালাউন্স
৫০ লক্ষ এবং অধিক	বেসিকের ৩০ শতাংশ
৫ থেকে ৫০ লক্ষ	বেসিকের ২০ শতাংশ
৫ লক্ষের কম	বেসিকের ১০ শতাংশ

\*\*২৭-০২-২০০৯ থেকে কেন্দ্রীয় সরকারী কর্মীদের মতো সিটি কমপেনসেটোরি অ্যালাউন্স বন্ধ করা হবে। \*\*পরিবহন ভাতা, প্রতিবন্ধীদের পরিবহন ভাতা, স্পেশাল ডিউটি ভাতা, উপদ্রুত অঞ্চল ভাতা ইত্যাদি বর্তমান হারে চালু থাকবে। ২০১২ সালের ১লা জানুয়ারী এগুলি পুনরায় পর্যালোচনা করা হবে অথবা একজিকিউটিভদের ক্ষেত্রে ঐ ভাতা গুলি আগে পুনঃনির্ধারিত হলে নন-একজিকিউটিভদের ক্ষেত্রেও লাগু করা হবে। \*\*সাহকৈল রক্ষণাবেক্ষণ ভাতা ও ক্যাম্প হ্যান্ডলিং অ্যালাউন্স ও এসকর্ট অ্যালাউন্স বর্তমান ভাতার ৫০ শতাংশ বৃদ্ধি করা হবে। \*\*ফুড অ্যালাউন্স বন্ধ করে দেওয়া হবে এবং কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য নতুন বেতন স্কেলের ২ শতাংশ হার প্রমোশন অ্যালাউন্স চালু করা হবে। \*\*পোশাক, সেলাই খরচ, রেইন কোর্ট, চপ্পল, জুতো এবং ওয়াশিং অ্যালাউন্স চালু থাকবে। এই বিষয়ে ইউনিয়ন ও ম্যানেজমেন্টের একটি যৌথ কমিটি বিকল্প প্রস্তাব নিয়ে পরবর্তীতে আলোচনা করবে। \*\*সরকারী ছুটির দিন, ক্যাজুয়াল লিভ, আনর্ড লিভ, হাফ পে লিভ, কমিউটেড লিভ, কাজের ঘণ্টা, এল টি সি, ছুটি বিক্রি ইত্যাদি ক্ষেত্রে বর্তমান ব্যবস্থা চালু থাকবে। \*\*মাতৃদ্বকালীন ছুটি ১৩৫ দিনের পরিবর্তে ১৮০ দিন করা হবে। \*\*ডি ও টি/ ডি টি এস / ডি টি ও থেকে বি এস এন এল এ অ্যাবসর্ভ হওয়া কর্মচারীরা কেন্দ্রীয় সরকারের রুল ৩৭ এ অনুসারে পেনশন পাবেন। বি এস এন এল এ নিযুক্ত কর্মচারীদের ক্ষেত্রে ই পি এফ ব্যবস্থা চালু থাকবে।

\*\*০১-০১-২০০৭ আগে অবসরপ্রাপ্ত কর্মচারীদের আই ডি এ পেনশনের বিষয়টি ডি ও টি তে পাঠানো হয়েছে এবং তার অনুমোদনের পর আদেশ জারি করা হবে।

\*\*কর্মচারীদের বকেয়াবাদ প্রাপ্য টাকা থেকে ৬ মাসের অগ্রিম বেতন ( যেটা দেওয়া হলে) কেটে নেওয়া হবে। \*\*একজিকিউটিভ ও নন-একজিকিউটিভ কর্মীদের জন্য ৭৮.২ শতাংশ আই ডি এ সংযুক্তকরণের আদেশ একসাথে বের করা হবে। \*\*স্বীকৃত ইউনিয়নের সাথে আলোচনা করে বোনাস ফর্মুলা পুনর্নির্ধারণ করা হবে।

কমরেডস, বর্তমান সমস্ত পরিপ্রেক্ষিতে একটি চমৎকৃত বেতন চুক্তি সম্পাদিত হলো। ম্যানেজমেন্ট এবং অন্য বিরোধী ইউনিয়নগুলির শত চরমস্ত ব্যর্থ করে কর্মচারীদের জন্য আমরা এনেছি এক উন্নত নতুন বেতন স্কেল। এই চুক্তির বিষয় নিয়ে আপামর কর্মচারীদের মধ্যে প্রচারে নামুন এবং আগামী ২২শে জানুয়ারী, ১০ তারিখে প্রতিটি বি এস এন এল দপ্তরে কর্মচারী সমাবেশের মাধ্যমে বিজয় দিবস পালন করুন।

অভিনন্দন সহ,

(অনিমেষ মিত্র)

প্রাদেশিক সম্পাদক

তারিখ : ১৬-০১-২০১০